

20 আগস্ট, 2021

প্রিয় পরিবারবর্গ,

আমরা নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের এই ফল-এ (হেমন্তে) ক্লাসরুমে ফিরে আসায় স্বাগত জানাবার জন্য উদগ্রীব হয়ে আছি।
সাথে সাথে খেলার মাঠেও!

আমাদের স্কুলগুলোতে স্বাস্থ্যসম্পর্কিত বহুস্তরবিশিষ্ট প্রক্রিয়া ও নিরাপত্তার অংশ হিসেবে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ
এডুকেশন (DOE)-এর শিক্ষার্থী ও স্টাফদের জন্য COVID-19 প্রতিষেধক এ বছর আবশ্যিক হবে এবং যারা পাবলিক স্কুলস্
অ্যাথলেটিক লিগ (PSAL)-এর খেলাধুলায় অংশগ্রহণ করবে, তাদের জন্য COVID-19 সংক্রমণ উচ্চ ঝুঁকিপূর্ণ বলে বিবেচিত
হবে। এটি নিউ ইয়র্ক স্টেট এবং সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC)-এর সুপারিশমালার সাথে সামঞ্জস্যপূর্ণ
যাতে উল্লেখ করা হয়েছে যে উচ্চতর ঝুঁকিপূর্ণ খেলাধুলা ও পাঠ্যক্রমবহির্ভূত কর্মকাণ্ড হতে হবে ভার্যুয়াল বা যেসব এলাকায়
উচ্চতর সামাজিক সংক্রমণ আছে, সেসব এলাকায় তা বাতিল করতে হবে, যদি না অংশগ্রহণকারীদের সবাই পূর্ণাঙ্গরূপে
প্রতিষেধক গ্রহণ করে থাকেন।


উচ্চতর ঝুঁকিপূর্ণ খেলাধুলার মধ্যে আছে ফুটবল, ভলিবল, বাস্কেটবল, কুস্তি, লাক্রস, শটান্ট, রাগবি। এছাড়াও প্রতিষেধক আবশ্যিক
হবে বাউলিং-এর ক্ষেত্রেও, কারণ যদিও এটি উচ্চতর ঝুঁকিপূর্ণ খেলাধুলা নয়, তবুও এটা এমন স্থানে অনুষ্ঠিত হয় যেখানে
প্রতিষেধক গ্রহণ বাধ্যতামূলক।

ফলে উচ্চ-ঝুঁকিপূর্ণ খেলাধুলায় অংশগ্রহণকারীগণকে COVID-19 ভ্যাকসিনের প্রথম ডোজ প্রতিযোগিতামূলক খেলার প্রথম দিনে
অবশ্যই নিতে হবে, যা খেলার ধরনের উপর নির্ভরশীল। উইন্টার (শীত) ও স্প্রিং (বসন্ত) PSAL অংশগ্রহণকারীদের প্রতিযোগিতার
প্রথম দিন পর্যন্ত পূর্ণাঙ্গরূপে প্রতিষেধক গ্রহণ সম্পন্ন করার সময় আছে। 021-22 শিক্ষা বছরে PSAL-এর জন্য ভ্যাকসিনের শর্ত
সম্পর্কিত বাড়তি তথ্যের জন্য, অনুগ্রহ করে এই চিঠির শেষে বহুল-জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ) দেখুন।

পরিবারগুলি 21 আগস্ট থেকে শুরু করে শিক্ষার্থীদের ভ্যাকসিন সম্পর্কিত অবস্থার প্রমাণ vaccine.schools.nyc সাইটে
আপলোড করতে সক্ষম হবে। প্রতিষেধক গ্রহণের প্রমাণ হতে পারে একটি ভ্যাকসিন কার্ড, NYS অ্যাক্সেলেশিয়র পাস বা অন্য
কোনো সরকারি নথির ছবি। এই তথ্য জমাদানের ফলে নিউ ইয়র্ক সিটির বিশ্বমারী মোকাবেলা এবং নিরাময় প্রচেষ্টা সহায়তা লাভ
করবে, এবং DOE স্কুলগুলি এবং বিন্ডিংসমূহ সকল শিক্ষার্থী এবং স্কুলকর্মীদের জন্য যাতে নিরাপদ স্থান হয় সেবিষয়টি
নিশ্চিতকরণে সহায়ক হবে।

প্রতিষেধ গ্রহণ করা নিরাপদ, কার্যকর এবং ফ্রি—এবং এটা আপনার পরিবার ও কমিউনিটিকে COVID-19 থেকে সুরক্ষা দেওয়ার
জন্য আপনার গৃহীত সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ। যদি আপনার ন্যূনতম 12 বছর বয়সী কোনো সন্তান থেকে থাকে, তাহলে
ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন আপনাকে vaccinefinder.nyc.gov -সাইটে যত শীঘ্রই সম্ভব তার জন্য একটি
টিকা বা ভ্যাকসিনের অ্যাপয়েন্টমেন্ট করতে উৎসাহিত করছে। এছাড়াও আপনি 877-VAX-4-NYC
(877-829-4692) নম্বরে ফোন করে সিটি কর্তৃক পরিচালিত টিকাদান কেন্দ্রে (সাইটে) একটি অ্যাপয়েন্টমেন্ট করতে পারেন।
মোবাইল ভ্যাকসিনেশন সাইটসমূহও এই হেমন্তে (ফলে) সিটিব্যাপী স্কুলগুলি এবং PSAL সাইটগুলির অবস্থা পরিদর্শন করবে।
ভাইরাসের ডেল্টা ধরনটির দ্রুত সংক্রমণের সাথে সাথে, ভ্যাকসিন নেয়া এত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। এই ডেল্টা ধরনের
ভাইরাসটি অধিক সংক্রামক, অন্য ধরনগুলির তুলনায় এগুলি তরুণদের জন্য অধিক সংক্রামক, এবং এর ফলে রোগীর জন্য
গুরুতর অসুস্থতার কারণ হতে পারে এবং, এমন কারো জন্যও সংক্রামক হতে পারে যার ইতোমধ্যে COVID-19 হয়েছে। নিউ
ইয়র্ক সিটিকে নিরাপদ রাখুন, নিউ ইয়র্ক সিটিকে শক্তিশালী রাখুন—প্রতিষেধক গ্রহণ করুন!

অংশীদারিত্বে,



মি্যাশা পোর্টার (Meisha Porter)

নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর

শিক্ষার্থী অ্যাথলিটগণ কীভাবে ভ্যাকসিনের প্রমাণ দিতে পারে?

পরিবারগুলি DOE- এর COVID-19 ভ্যাকসিনেশন পোর্টাল vaccine.schools.nyc থেকে ভ্যাকসিনেশনের প্রমাণ আপলোড করতে পারে। প্রতিষেধক গ্রহণের প্রমাণ হতে পারে একটি ভ্যাকসিন কার্ড, NYS অ্যাক্সেলেশিয়র পাস বা অন্য কোনো সরকারি নথির ছবি।
কারা ভ্যাকসিনেশনের অবস্থা (স্ট্যাটাস) চেক করবে?

কোচ এবং অ্যাথলেটিক ডিরেক্টরগণ ভ্যাকসিনেশনের অবস্থা নিশ্চিত করতে কার্ড অথবা ভ্যাকসিনেশন পোর্টাল চেক করবে।

ভ্যাকসিন না নেবার ফলে কী পরিণতি হতে পারে?

যদি কোন শিক্ষার্থী এই হেমন্তে উচ্চ-বুঁকিপূর্ণ খেলায় অংশগ্রহণকালে তাদের খেলার প্রথম প্রতিযোগিতার দিনের আগে ভ্যাকসিন না নেয়, তাহলে তাকে প্র্যাকটিস অথবা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

যেসব শিক্ষার্থী পূর্ণভাবে ভ্যাকসিন গ্রহণ করেছে তাদের কি মাস্ক পরতে হবে?

পূর্ণভাবে ভ্যাকসিন নেয়া অ্যাথলিটদের জন্য বইরের PSAL কর্মকাণ্ডের সময় মাস্ক পরা আবশ্যিক নয়।

এটি কি কোচ এবং PSAL অ্যাথলেটিক ডিরেক্টরদের বেলায়ও প্রযোজ্য?

হ্যাঁ, এই বাধ্য-বাধকতা উচ্চ-বুঁকিপূর্ণ খেলায় অংশগ্রহণকারী প্রত্যেকের বেলায় প্রযোজ্য।

অংশগ্রহণকারীগণ পূর্ণভাবে ভ্যাকসিন নেবার আগে কি খেলাধুলা অথবা প্র্যাকটিস চলতে পারে?

হ্যাঁ, অংশগ্রহণকারীগণ তাদের প্রথম ডোজ নেবার পরে তা চলতে পারে।